# উপজেলা পরিষদ কার্যালয়

# সিলেট সদর, সিলেট ।

সিলেট সদর উপজেলার ৫ম পরিষদের ৫০ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : জনাব আশফাক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট ।

তারিখ : ০৮-০৬-২০২৩ খ্রিঃ ।

সময় : সকাল ১০.০০ ঘটিকায় ।

সভায় উপস্থিতি ও অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য ।

সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার শুরু করেন। সভার শুরুতে নবাগত উপজেলা নির্বাহী অফিসার মিজ্ নাছরীন আক্তার কে উপজেলা পরিষদের পক্ষ থেকে বরণ করা হয় ।অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন । | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সবাইকে স্বাগত জানান ।শুরুতে উনার পরিচয় প্রদান করেন ।অতপর সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণি সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত এবং দৃঢ়ীকরণ করা হয় । | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | বিভাগীয় অগ্রগতি পর্যালোচনাঃ- | | | |
| ২.১ স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | (ক) আলোচনার শুরুতে উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট বলেন, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত প্রকল্পের কাজ চলমান । জুন/২৩ মাসের মধ্যে যাবতীয় কার্যক্রম শেষ করার আশাবাদ ব্যক্ত করেন ।<br>(খ) আলোচনাকালে কান্দিগাঁও ইউপি চেয়ারম্যান চলতি বছরে এডিপি ও উন্নয়ন তহিবিলের আওতায় কান্দিগাঁও ইউনিয়নে গৃহীত ০৩ টি প্রকল্পের আংশিক সংশোধনের জন্য উপস্থাপন করেন । প্রকল্পগুলো হলো<br>১। দিঘীরপাড় মেইন রোড হতে মবশ্বর আলীর বাড়ী পর্যন্ত ড্রেইন নির্মাণ এর পরিবর্তে দিঘীরপাড় মেইন রোড হতে মবশ্বর আলীর বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ<br>২। অনন্তপুর মাঝের পাঁকা রাস্তা হইতে আব্বাস গং এর বাড়ির রাস্তা সিসি করণ এর পরিবর্তে পূর্বদর্শী মাঝের পাকা রাস্তা হইতে মনামুল ও ইউনুস আলী গংএর বাড়ির রাস্তা পাকা করণ<br>৩।ঘোপাল সিলেট সুনামগঞ্জ রাস্তা হতে মনোহরপুর মালিক মিয়ার বাড়ী পর্যন্ত সিসি সিসি ঢালাই এর পরিবর্তে ।ঘোপাল সিলেট সুনামগঞ্জ রাস্তা হতে মনোহরপুর খলিল মিয়ার বাড়ী পর্যন্ত সিসি সিসি ঢালাই । তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন ।<br>(গ) আলোচনাকালে অদ্য সভার সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান আগামী বছর আগস্ট/২৩ মাসের মধ্যে দ্রুত এডিপি ও উন্নয়ন তহবিলের প্রকল্প গ্রহণের প্রস্তাব করেন। তিনি চলতি বছরে এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় খাদিমনগর ইউপির ধুপাগুল মোসাইদ গং এর বাড়ির রাস্তার পরিবর্তে উমদারপাড়া মোসাইদ গং এর বাড়ির রাস্তা অর্ন্তভূক্ত করণের প্রস্তাব করেন । | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১.২) সভায় সর্বসম্মতিক্রমে কান্দিগাঁও ইউপির আংশিক সংশোধিত প্রকল্প তিনটি অনুমোদিত হয় ।<br>১.৩) আগস্ট/২৩ মাসের মধ্যে আগামী অর্থবছরের এডিপি ও উন্নয়ন তহবিলের প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং চলতি বছরে এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় খাদিমনগর ইউপির ধুপাগুল মোসাইদ গং এর বাড়ির রাস্তার পরিবর্তে উমদারপাড়া মোসাইদ গং এর বাড়ির রাস্তা অর্ন্তভূক্ত করণের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>১.৪) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে জরুরী কিছু বৈদ্যুতিক লাইন সংস্কার, থাই জানালা মেরামত ও স্যানেটারী পাইপ ফিটিং কাজ বাবদ- ৬৫,০০০/-(পঁয়ষট্টি হাজার টাকা) বিল অনুমোদিত হয় এবং রাজস্ব তহবিলের বাসাবাড়ি সংস্কার মেরামত খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয় । | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/সিলেট সদর, সিলেট । |

| | | | |
|---|---|---|---|
| | (ঘ) আলোচনাকালে উপজেলা প্রকৌশলী জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে জরুরী কিছু বৈদ্যুতিক লাইন সংস্কার, থাই জানালা মেরামত ও স্যানেটারী পাইপ ফিটিং কাজ করা প্রয়োজন।তিনি এ বাবদ-৬৫,০০০/-(পঁয়ষট্টি হাজার টাকা) বিল অনুমোদনের জন্য উপস্থাপন করেন। | | |
| ২.২ স্বাস্থ্য বিভাগ | আলোচনাকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি জানান, অতিরিক্ত গরমের জন্য আগামী ০৪-১১ জুন পর্যন্ত ৫-১১ বছর বয়সী ছাত্র/ছাত্রীদের ক্রিমিনাশক টেবলেট খাওয়ানো স্থগিত পরবর্তিতে তারিখ নির্ধারণ হলে জানানো হবে। | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সিলেট সদর, সিলেট ও সংশ্লিষ্ট সকল। |
| ২.৩ মাধ্যমিক শিক্ষা বিভাগ | আলোচনাকালে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, অতিরিক্ত গরমের কারনে আজ সারাদেশে মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান বন্ধ ঘোষনা করা হয়েছে।এছাড়া শিক্ষকদের ৬ষ্ঠ ও সপ্তম শ্রেনীর নতুন কারিকুলামের উপর প্রশিক্ষণ কার্যক্রম চলমান। | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ২.৪ প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এছাড়া ১০০০ টি নুতন প্রাথমিক বিদ্যালয় স্থাপন প্রকল্পের আওতায় ৩৩ শতক জায়গা আছে, আশেপাশে ০২ কি:মি: এর মধ্যে কোন সরকারি বিদ্যালয় নেই এই মর্মে প্রত্যয়ন সহ প্রস্তাব উপজেলা কমিটির মাধ্যমে জেলায় প্রেরণ করা হবে।এ পর্যন্ত ৫-৭ টি প্রস্তাব পাওয়া গেছে।<br>অদ্য সভার সভাপতি জানান গত ০১ বছরের মধ্যে উপজেলা শিক্ষা কমিটির কোন সভা হয়নি। তিনি জরুরী ভিত্তিতে সভা আহবানের প্রস্তাব করেন। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে এবং নিয়মিত উপজেলা শিক্ষা কমিটির সভা আহবান করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২.৫ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাও সংশ্লিষ্ট সকল |
| ২.৬ পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর ,সিলেট অদ্য সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে কিছু অবগত হওয়া যায়নি। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ২.৭ কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, উপজেলা পর্যায়ে ৫৭০ জন কৃষকের আমন ধানে প্রনোদনা পাওয়া গেছে। তিনি বিভাজন উপস্থাপন করেন।এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>উপজেলা নির্বাহী অফিসার, সদর, সিলেট বলেন সিলেটে অনেক অনাবাদী জমি আছে সেগুলো আবাদের আওতায় আনতে দ্রুত পদক্ষেপ গ্রহনের প্রস্তাব করেন, তিনি উপজেলা পরিষদের অভ্যান্তরে বিভিন্ন অফিসের আশেপাশে খালি জায়গায় চারা রোপনের প্রস্তাব করেন।<br>৭নং মোগলাগাঁও ইউপি চেয়ারম্যান জানান, মোগলগাঁও ইউনিয়নে অনেক কৃষি ক্ষেত হয়। সরকার থেকে যে সকল প্রণোদনা আসে সেগুলো বিতরণের সময় প্রকৃত কৃষক তা পাচ্ছে না। আগামীতে বিতরণের সময় আরো সচেতন হওয়ার প্রস্তাব করেন। | ১.১। বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং কৃষি প্রনোদনাগুলো প্রকৃত কৃষকের মধ্যে বিতরণ করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট |
| ২.৮ মৎস্য বিভাগ | উপজেলা সিনিয়র মৎস কর্মকর্তা সিলেট সদর, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি জানান সদর বিশ্বনাথ সিমান্তে বিশ্বনাথে কিছু জেলে পেট্রোলা জাল দিয়ে মাছ ধরছে। এতে রেনু পোনা ও চারা পোনা ধরা পড়ছে। তিনি এসব এলাকায় বিশ্বনাথ ও সদরের সমন্বয়ে মোবাইল কোর্ট পরিচালনার প্রস্তাব | ১.১) বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং দেশীয় প্রজাতিসহ মৎস সংরক্ষণ আইনে নিষিদ্ধ সকল প্রকার মাছ, কারেন্টজাল ও অবৈধ জালের বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট | উপজেলা মৎস্য কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |

| | | | |
|---|---|---|---|
| ৪।নতুন সার্কুলার, প্রজ্ঞাপন | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রগতির বিষয়ে আলোচনাকালে নতুন কোন সার্কুলার, প্রজ্ঞাপন বিধি অগ্রগতি না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি । | | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |
| ৫।মাননীয় উপদেষ্টার পরামর্শে | মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি । | মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি । | |
| ৬। নিয়মিত রাজস্ব ব্যয় | চলতি মাসে কোন অনিয়মিত রাজস্ব ব্যয় নাই । | ১.১। সভায় সর্বসম্মতিক্রমে উপস্থাপিত বিল অনুমোদিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |
| ৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ইউডিএফ,উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ০৯। বিবিধ | বিবিধ-০১। আলোচনাকালে উপজেলা কৃষি অফিসার জানান, উপজেলা পরিষদে সকল অফিসের আশেপাশে বিভিন্ন ধরণের ফলজ ও ঔষধি গাছের চারা রোপন করা যায় ।কিন্তু সবচেয়ে বড় সমস্যা বাহির থেকে গরু এসে সবকিছু নষ্ট করে দেয়। এছাড়া অফিস সময়ের পড়ে এবং অফিস বন্ধের দিন বহিরাগত লোকজন উপজেলার ভিতরে প্রবেশ করে । এতে পরিষদের নিরাপত্তা বিঘ্নিত হয় । তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন ।<br><br>বিবিধ-২:- আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট জানান উপজেলা পরিষদের সামনের ড্রেইনে ও পিছনে সাইট ওয়ালের ভিতরে বাজারের ও আবাসিকের লোকজন ময়লা আবর্জনা ফেলে দূর্গন্ধ ছড়াচ্ছে ।তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন ।<br><br>বিবিধ-৩-আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের অস্থায়ী পশুরহাটের কোন প্রস্তাব থাকলে দাখিলের জন্য উপস্থাপন করেন।<br><br>বিবিধ-০৪-আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার সিলেট সদর উপজেলা পরিষদের ২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য বাজেট উপস্থাপন করেন।<br><br>বিবিধ-০৫:- চেয়ারম্যান ৪নং খাদিমপাড়া ইউপি জানান, খাদিমপাড়া ইউপির কিছু অংশ সিটিকর্পোরেশনের অর্ন্তভূক্ত হওয়ায় সেসব এলাকায় নিযুক্ত গ্রাম পুলিশরা অনেকদিন যাবদ তাদের বেতনভাতা পাচ্ছে না। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন।<br><br>বিবিধ-০৬:-পরিবেশ ও হাওর উন্নয়ন সংস্থার সাধারণ সম্পাদক বলেন, মানবসৃষ্ট পরিবেশ ও জীববৈচিত্র্য ধ্বংসের কারণে এর খেসারত দিতে হচ্ছে বিশ্বের সাধারণ মানুষকে, বিশ্ব পরিবেশ দিবসের প্রতিপাদ্য বিষয় ছিল পলিথিন না ব্যবহার করা । পরিবেশ রক্ষায় আমরা কিছু উদ্যোগ হাতে নিয়েছি । সকলের সহযোগিতা পেলে আমরা সিলেট সদর উপজেলাকে পরিকল্পিত সুপেয় পানি, মাছ, গাছ, পাখি, প্রকৃতি, ফলজ, বনজ, ঔষধিগাছ ও মানুষের সমন্বয়ে একটি গ্রীন সিলেট সদর ও ক্লিন সিলেট সদর গড়তে চাই ।<br><br>বিবিধ-০৭:-উপজেলা নির্বাহী অফিসার জানান, ২০২২-২৩ অর্থবছরে উপজেলা পরিষদের ১৪২৯ বাংলা সনের ভূমি উন্নয়ন | ১.১) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের অভ্যান্তরে গরু প্রবেশ করলে গরু আটক রাখার এবং গরু প্রতি ২০০/-(দুইশতটাকা)জরিমানা আদায় পূর্বক গরু ছাড়ার সিদ্ধান্ত গৃহীত হয় এছাড়া অফিস সময়ের পর এবং বন্ধের দিন বহিরাগত লোকজন উপজেলা কমপ্লেক্সের ভিতরে প্রবেশ না করার সিদ্ধান্ত গৃহীত হয় ।<br><br>১.২) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের সামনের ড্রেইনে ও পিছনের সাইট ওয়ালের পার্শে ময়লা আবর্জনা না ফেলার জন্য নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় অন্যতায় আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে ।<br><br>১.৩) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থবছরে বাজেট অনুমোদিত হয়।<br><br>১.৪) সিটিকর্পোরেশনের অর্ন্তভূক্ত হওয়া এলাকার সাবেক গ্রামপুলিশের বেতনের বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষ সাথে যোগাযোগ করত হবে।<br>১.৫) ২০২২-২৩ অর্থবছরে উপজেলা পরিষদের ১৪২৯ বাংলা সনের ভূমি উন্নয়ন কর বাবদ-৫০,২৮০/-(পঞ্চাশ হাজার দুইশত আশি) টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.৬) রাজস্ব তহবিলের মশক নিধন খাত হতে ২০,০০০/-(বিশ হাজার) টাকার ফগার মেশিনের বিষ তৈল ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.৭) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা চেয়ারম্যান এর জুলাই/২০২২ হতে জুন/২০২৩ পর্যন্ত সময়ের ভ্রমনবিবরনী | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |

| | | | |
|---|---|---|---|
| | কর বাবদ-৫০,২৮০/-(পঁঞ্চাশ হাজার দুইশত আশি) টাকার কর পরিশোধের জন্য উপস্থাপন করেন।<br><br>বিবিধ-০৮:- আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, বর্তমানে চারিদিকে ডেঙ্গু মশার উপদ্রব বেড়ে গেছে ।অত্র উপজেলায় ফগার মেশিন আছে, শুধু মাত্র বিষ তৈল ক্রয় করতে হবে ।তিনি জরুরী ভিত্তিতে রাজস্ব তহবিলের মশক নিধন খাত হতে ২০,০০০/-(বিশ হাজার) টাকার ফগার মেশিনের বিষ তৈল ক্রয়ের প্রস্তাব করেন।<br><br>বিবিধ-০৯:- আলোচনাকালে অদ্য সভার সভাপতি ও উপজেলা চেয়ারম্যান মহোদয় উনার জুলাই/২০২২ হতে জুন/২০২৩ পর্যন্ত সময়ের ভ্রমনবিবরনী ও বিল অনুমোদনের জন্য উপস্থাপন করেন। ভাইস চেয়ারম্যান উনার জুলাই/২০২২ হতে জুন/২০২৩ পর্যন্ত সময়ের ভ্রমনবিবরনী ও বিল অনুমোদনের জন্য উপস্থাপন করেন। মহিলা ভাইস চেয়ারম্যান উনার জানুয়ারি/২০২৩ হতে জুন/২০২৩ পর্যন্ত সময়ের ভ্রমনবিবরনী ও বিল অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br><br>বিবিধ-১০:- আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের অভ্যান্তরিন সিসি টিভি সংস্কার/মেরামত বাবদ-২৩,৯৯৮/-(তেইশ হাজার নয়শত আটানব্বই) টাকার বিল পাওয়া গেছে । অদ্য সভায় অনুমোদিত হলে রাজস্ব তহবিলের সিসিটিভি রক্ষনাবেক্ষন খাত হতে পরিশোধ করা যেতে পারে।<br><br>বিবিধ-১১:- আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের অভ্যান্তরিন বাসাবাড়ি ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের চারপাশে জঙ্গল হয়ে গছে । জরুরী ভিত্তিতে জঙ্গল পরিস্কার করা দরকার। তিনি রাজস্ব তহবিলের পরিস্কার পরিচ্ছন্নতা খাতে ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা ব্যয়ের প্রস্তাব অদ্য সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br><br>বিবিধ-১২:- আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদ কার্যালয় এর মে/২৩ পর্যন্ত সময়ের বকেয়া বৈদ্যুতিক বিল বাবদ-৩৭,০৭৪/-টাকা; অডিটরিয়ামের মে/২৩ পর্যন্ত সময়ের বকেয়া বৈদ্যুতিক বিল বাবদ-৪৪,৭৮৪/-টাকা; ডাকবাংলোর মে/২৩ পর্যন্ত সময়ের বকেয়া বৈদ্যুতিক বিল বাবদ-৩৬,৪২৮/-টাকার বিল পাওয়া গেছে । অদ্য সভায় অনুমোদিত হলে উক্ত বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা যেতে পারে।<br><br>বিবিধ-১৩:-আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, বিআরটিএ কর্তৃক উপজেলা পরিষদের ব্যবহৃত পাজারো জীপ গাড়ী বকেয়া ফিটনেস ও অন্যান্য বিল বাবদ-২,২১,১১৪/-(দুই লক্ষ একুশ হাজার একশত চৌদ্দ) টাকার বিল পাওয়া গেছে ।উক্ত বিল অদ্য সভায় অনুমোদিত হলে স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য প্রেরণ করা হবে।<br><br>বিবিধ-১৪:-উপজেলা নির্বাহী অফিসার, সদর, সিলেট জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও উপজেলা পরিষদ অফিসের ব্যবহৃত চেয়ার ও টেবিল নষ্ট হয়েগেছে। তিনি কিছু চেয়ার ও টেবিল ক্রয়ের প্রস্তাব করেন।<br><br>আলোচনাকালে উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও উপজেলা পরিষদ অফিসের জন্য ১২টি চেয়ার ও ২টি এক্সিকিউটিভ টেবিল ক্রয়ের লক্ষ্যে ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকার প্রাক্কলন উপস্থাপন করেন। | ও বিল; ভাইস চেয়ারম্যান এর জুলাই/২০২২ হতে জুন/২০২৩ পর্যন্ত সময়ের ভ্রমনবিবরনী ও বিল; মহিলা ভাইস চেয়ারম্যান এর জানুয়ারি/২০২৩ হতে জুন/২০২৩ পর্যন্ত সময়ের ভ্রমনবিবরনী ও বিল অনুমোদিত হয়।<br>১.৮) উপজেলা পরিষদের অভ্যান্তরিন সিসি টিভি সংস্কার/মেরামত বাবদ-২৩,৯৯৮/-(তেইশ হাজার নয়শত আটানব্বই) টাকার বিল রাজস্ব তহবিলের সিসিটিভি রক্ষনাবেক্ষন খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.৯) সভায় সর্বসম্মতিক্রমে রাজস্ব তহবিলের পরিস্কার পরিচ্ছন্নতা খাতে ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.১০) উপজেলা পরিষদ কার্যালয় এর মে/২৩ পর্যন্ত সময়ের বকেয়া বৈদ্যুতিক বিল বাবদ-৩৭,০৭৪/-টাকা; অডিটরিয়ামের মে/২৩ পর্যন্ত সময়ের বকেয়া বৈদ্যুতিক বিল বাবদ-৪৪,৭৮৪/-টাকা; ডাকবাংলোর মে/২৩ পর্যন্ত সময়ের বকেয়া বৈদ্যুতিক বিল বাবদ-৩৬,৪২৮/-টাকার বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.১১) সভায় সর্বসম্মতিক্রমে উক্ত বকেয়া ফিটনেট ও অন্যান্য বিল উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের আগে স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয় ।স্থানীয় সরকার বিভাগের অনুমোদন সাপেক্ষে বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.১২) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও উপজেলা পরিষদ অফিসের জন্য ১২টি চেয়ার ও ২টি এক্সিকিউটিভ টেবিল ক্রয়ের লক্ষ্যে ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকার প্রাক্কলন অনুমোদিত হয় ।যেহেতু চলতি বছরে রাজস্ব তহবিলের আসবাবপত্র ক্রয়খাতে নির্ধারিত সিলিং শেষ সেহেতু আগামী ২০২৩-২৪ অর্থবছরে রাজস্ব তহবিলের আসবাবপত্র ক্রয় খাত হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয় । | |

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আশফাক আহমদ
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
সিলেট সদর, সিলেট।

স্মারক নং:-৪৬.৪৫.৯১৬২.০০০.০২.০০১.১৯. (৫০)

তারিখ: ২০/ ০৬/ ২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৩। জেলা প্রশাসক, সিলেট।
৪। মাননীয় পররাষ্ট্র মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।
৭। উপজেলা ---------------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট।
৮। চেয়ারম্যান,------------------------------------ইউ/পি (সকল) সিলেট সদর, সিলেট।
৯। জনাব/বেগম,------------------সিলেট সদর, সিলেট।
১০। অফিস নথি।

নাছরীন আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট।

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মিল্লাত আহমদ চৌধুরী | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। |
| ০২) | মিজ্ মোছা: শামীমা আক্তার | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। |
| ০৩) | জনাব মোহাম্মদ ওবায়দুল্লাহ ইসহাক | চেয়ারম্যান, ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৪) | জনাব রফিকুজ্জামান | চেয়ারম্যান, ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৫) | জনাব দিলোয়ার হোসেন | চেয়ারম্যান, ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৬) | জনাব বদরুল ইসলাম আজাদ | চেয়ারম্যান,৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৭) | জনাব শফিকুর রহমান | চেয়ারম্যান, ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৮) | জনাব হিরণ মিয়া | চেয়ারম্যান, ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৯) | জনাব মো: আব্দুল মনাফ | চেয়ারম্যান, ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ১০) | জনাব অপূর্ব লাল সরকার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১১) | ডা: নাহিদ আরজুমান বানু | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ১২) | জনাব দ্বিজরাজ বর্মন | সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৩) | ডা: আনিসুল ইসলাম | প্রতিনিধি, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৪) | জনাব মো: হাসানুজ্জামান | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট। |
| ১৫) | জনাব অভিজিৎ কুমার পাল | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৬) | জনাব আব্দুল জলিল তালুকদার | উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১৭) | মিজ্ নুসরাত-এ-ইলাহী | উপজেলা সমাজসেবা অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১৮) | জনাব আব্দুল্লাহ আল মামুন | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১৯) | মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২০) | জনাব লায়েছ মিয়া তালুকদার | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট। |
| ২১) | জনাব মো: আব্দুল আহাদ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২৩) | জনাব অঞ্জন কুমার দাস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট। |
| ২৪) | জনাব রাজীব কুমার দাস | ইউডিএফ, সিলেট সদর, সিলেট। |
| ২৫) | জনাব উজ্জল কুমার সিংহ | উপজেলা ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, সিলেট সদর, সিলেট। |
| ২৬) | মিজ্ মরিয়ম আক্তার | তথ্য সেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মুহাম্মদ হিরণ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ০২) | জনাব রুপক তালুকদার | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ০৩) | মিজ্ ফারজানা সিরাজ সুমি | উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লীপ,বিআরডিবি সিলেট সদর, সিলেট। |
| ০৪) | জনাব জহিরুল ইসলাম | বিট কর্মকর্তা, খাদিমনগর বিট, সিলেট সদর, সিলেট। |
| ০৫) | জনাব আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ০৬) | জনাব মোহাম্মদ ফরহাদ হোসেন | উপজেলা নির্বাচন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ০৭) | মিজ্ তানিয়া ইয়াসমিন | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট। |

সিলেট সদর উপজেলা পরিষদের ৫০ তম মাসিক সাধারণ সভায় উপস্থিতি স্বাক্ষর:- জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়। ০৮/০৬/২০২৩

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মিল্লাত আহমদ চৌধুরী | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। | |
| ২ | মোছা: শামীমা আক্তার | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট | |
| ৩ | মোহাম্মদ ওবায়দুল্লাহ ইসহাক | চেয়ারম্যান ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ৪ | রফিকুজ্জামান | চেয়ারম্যান ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ৫ | দিলোয়ার হোসেন | চেয়ারম্যান ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ৬ | বদরুল ইসলাম আজাদ | চেয়ারম্যান ৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ৭ | শফিকুর রহমান | চেয়ারম্যান ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ৮ | হিরণ মিয়া | চেয়ারম্যান ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ৯ | মো: আব্দুল মনাফ | চেয়ারম্যান ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ১০ | মোছা: শিরিন আক্তার | সংরক্ষিত মহিলা সদস্য আসন-২, সিলেট সদর, সিলেট। | |
| ১১ | মোছা: লাভলী বেগম | সংরক্ষিত মহিলা সদস্য আসন-৩, সিলেট সদর, সিলেট। | |
| ১২ | অপুর্ব লাল সরকার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট। | |
| ১৩ | ডা: নাহিদ আরজুমান বানু | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ১৪ | দ্বিজরাজ বর্মন | সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ১৫ | আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ১৬ | ডা: আহমদ সিরাজুম মুণীর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ১৭ | শামছুন্নাহার | প্রোগাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট। | |
| ১৮ | মুহাম্মদ হিরণ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ১৯ | মো:হাসানুজ্জামান | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট। | |
| ২০ | অভিজিৎ কুমার পাল | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২১ | মো: আব্দুল জলিল তালুকদার | উপজেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২২ | মিজ্ নুসরাত-এ-ইলাহী | উপজেলা সমাজ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২৩ | আব্দুল্লাহ আল মামুন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। (প্রতিনিধি) | |
| ২৪ | মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২৫ | মোহাম্মদ লায়েছ মিয়া তালুকদার | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট। | |
| ২৬ | মো: আব্দুল আহাদ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২৭ | অঞ্জন কুমার দাস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট। | |
| ২৮ | মো: আতিকুর রহমান | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট। | |
| ২৯ | রাজীব কুমার দাস | ইউডিএফ, সিলেট সদর, সিলেট। | |
| ৩০ | মোহাম্মদ ফরহাদ হোসেন | উপজেলা নির্বাচন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ৩১ | মিজ্ মরিয়ম আক্তার | তথ্য সেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ৩২ | উজ্জল কুমার সিংহ | উপজেলা ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, সিলেট সদর, সিলেট। | |